

কপিট্রেডিং সিস্টেম ব্যবহার চুক্তি।

বর্তমান ত্রিপক্ষীয় চুক্তি (এরপর থেকে "চুক্তি" হিসেবে উল্লেখ করা হয়েছে) ফরেক্সমার্ট গ্রুপ (এরপর থেকে "কোম্পানি" হিসাবে উল্লেখ করা হয়েছে), ফরেক্সমার্টের গ্রাহক (এরপর থেকে "ফলোয়ার" হিসাবে উল্লেখ করা হয়েছে) যিনি মুনাফা অর্জনের জন্য এবং সমস্ত আর্থিক ঝুঁকি সম্পর্কে স্পষ্টভাবে বোঝার উদ্দেশ্যে কোম্পানির যেকোন গ্রাহকের অনলাইন ট্রেড কপি করার ইচ্ছাপোষণ করছে এবং কপিট্রেডিং গ্রাহক যিনি (এরপর থেকে "ট্রেডার" হিসাবে উল্লেখ করা হয়েছে) ফলোয়ারকে তার ট্রেডগুলি কপি করার অনুমতি দিতে চান, তাদের দ্বারা এবং মধ্যে গঠন করা হয়েছে।

## ১. সংজ্ঞা

"কোম্পানি" বলতে ফরেক্সমার্ট গ্রুপকে বোঝানো হচ্ছে যা ট্রেডিং প্ল্যাটফর্ম এবং ফলোয়ার এবং ট্রেডারের মধ্যে পেমেন্ট সেটেলমেন্টের ব্যবস্থা প্রদান করে (এরপর থেকে "কপিট্রেডিং সিস্টেম" হিসেবে উল্লেখ করা হয়েছে)।

'ট্রেডার' বলতে কপিট্রেডিং সিস্টেমে ট্রেডার হিসেবে নিবন্ধিত কোম্পানির গ্রাহককে বোঝানো হয় যিনি তার ট্রেড কপি করার অনুমতি দেন ও পাশাপাশি তার ট্রেড কপি করার জন্য সিস্টেম ব্যবহার করে নিজের এবং তার ফলোয়ারদের অ্যাকাউন্ট পরিচালনা করে।

'ফলোয়ার' বলতে কপিট্রেডিং সিস্টেমে ফলোয়ার হিসেবে নিবন্ধিত কোম্পানির গ্রাহককে বোঝানো হয় যিনি কপিট্রেডিং সিস্টেমে নিবন্ধিত যেকোন ট্রেডার ট্রেড কপি করতে চান বা ইচ্ছাপোষণ করেন

'মনিটরিং' মানে কোম্পানির ওয়েবসাইটে একটি নির্দিষ্ট পেজ বোঝানো হয় যা ট্রেডারদের সম্পর্কে তথ্য প্রদান করে এবং এটি কোম্পানির ওয়েবসাইটে এবং ট্রেডার ক্যাবিনেট ও ফলোয়ার ক্যাবিনেটের কপিট্রেডিং বিভাগে সহজলভ্য।

## ২. সাধারণ বিধান

### ১. কপিট্রেডিং সিস্টেমের বর্ণনা

কপিট্রেডিং সিস্টেম হল একটি সফটওয়্যার জাতীয় পণ্য যা কোম্পানির ডেভেলপ করেছে ও কোম্পানির মালিকানাধীন এবং কোম্পানির নিবন্ধিত ট্রেডিং অ্যাকাউন্টগুলোতে সমস্ত কপি প্রক্রিয়াগুলোর প্রযুক্তিগতভাবে বাস্তবায়ন এবং স্বয়ংক্রিয় করার জন্য ডিজাইন করা হয়েছে। কপিট্রেডিং সিস্টেম নিম্নরূপ স্বয়ংক্রিয় প্রক্রিয়া সম্পন্ন করবে:

১. কপিট্রেডিং সিস্টেমে ফলোয়ারের নিবন্ধন;
২. কপিট্রেডিং সিস্টেমে ট্রেডারের নিবন্ধন;
৩. কপি করার উদ্দেশ্যে এবং পরবর্তীতে ফলোয়ারের অ্যাকাউন্টে ট্রেডারের অর্ডারগুলি কার্যকর করার উদ্দেশ্যে ট্রেডারের অ্যাকাউন্টে ফলোয়ারের সাবস্ক্রিপশন।
৪. কপি করা এবং কার্যকর লাভজনক ট্রেডের জন্য ফলোয়ার কর্তৃক ট্রেডারকে প্রদত্ত কমিশনের হিসাব;
৫. ফলোয়ার কর্তৃক ট্রেডারকে প্রদেয় কমিশনের দিন প্রতি সাবস্ক্রিপশনের হিসাব;
৬. ট্রেডারের অ্যাকাউন্টে কমিশন জমা দেওয়া;
৭. ট্রেড কপি করার জন্য কপি করার শর্তাবলী ট্রেডার দ্বারা সমন্বয়;
৮. ট্রেড কপি করার জন্য ফলোয়ার দ্বারা সাবস্ক্রিপশন প্যারামিটারের সমন্বয়;

৯. ড্রেডারের অ্যাকাউন্টের তথ্য হালনাগাদ এবং ফলোয়ার ক্যাবিনেটে তা প্রদর্শন।

২ কপিট্রেডিং সিস্টেম গ্রাহক ক্যাবিনেটে কোম্পানির যেকোনো গ্রাহকের জন্য সহজলভ্য হবে যখন গ্রাহক কপিট্রেডিং সিস্টেমে ড্রেডার বা ফলোয়ার হিসেবে নিবন্ধিত হবে। ৬ নং অনুচ্ছেদে কপিট্রেডিং সিস্টেমের প্রযুক্তিগত নিয়মাবলী প্রদান করা হয়েছে।

৩ কপিট্রেডিং সিস্টেম বলতে ফলোয়ারদের কপি ও ড্রেডারদের করা ফরেক্স ট্রেড এবং ট্রেডিং প্ল্যাটফর্ম বা কপিট্রেডিং সিস্টেমের ত্রুটির কারণে সম্ভাব্য প্রযুক্তিগত ঘাটতি উভয় সম্পর্কিত সম্ভাব্য ঝুঁকি বোঝায়।

৩. কোম্পানির অধিকার ও দায়িত্ব।

বর্তমান চুক্তিটি গ্রাহকের ট্রেডিং অ্যাকাউন্টের নিবন্ধনের সময় গৃহীত পাবলিক অফার চুক্তির দ্বারা প্রতিষ্ঠিত অধিকার এবং দায়িত্বের পাশাপাশি কোম্পানির অধিকার ও দায়িত্ব প্রতিষ্ঠা করবে। শর্তানুযায়ী কোম্পানির সার্ভার সঠিকভাবে কাজ করার সাপেক্ষে, কোম্পানি নিম্নলিখিত সকল দায়িত্ব পালন করবে:

১. কপি ট্রেড

ড্রেডারের অ্যাকাউন্ট থেকে ট্রেড কপি করার জন্য কোম্পানির ফলোয়ারের অনুরোধ রেকর্ড করা হবে এবং ড্রেডার কর্তৃক অনুরোধ গৃহীত হওয়ার ৩০ মিনিটের মধ্যে ড্রেডারের অ্যাকাউন্ট থেকে ফলোয়ার অ্যাকাউন্টে ট্রেড কপি করা শুরু হবে।

সর্বোচ্চ ২ মিনিটের গ্রহণযোগ্য বিলম্বের মধ্যে কোম্পানি ড্রেডারের অ্যাকাউন্ট থেকে ফলোয়ারদের অ্যাকাউন্টে ট্রেডগুলি কপি করবে।

দুই মিনিটেরও কম সময়ের মধ্যে ওপেন থাকা অর্ডারগুলি ড্রেডারের অ্যাকাউন্ট থেকে ফলোয়ারদের অ্যাকাউন্টে কপি নাও সফল হতে পারে।

যদি একজন কপিট্রেডিং ড্রেডার ওপেন ট্রেডের স্টপ লস বা টেক প্রফিট সেটিংস পরিবর্তন করে, উপরোক্ত উল্লিখিত পরিবর্তনগুলি একটি কপিট্রেডিং ফলোয়ার ট্রেডের মাধ্যমে কপি করার জন্য উপযুক্ত করতে ল্যাগিংসহ ১ থেকে ২ মিনিট সময় লাগতে পারে। এই অনুমোদিত বিচ্যুতির সম্ভাব্য পরিণতি বিষয়ে গ্রাহক অপরিবর্তনীয়ভাবে সন্মতি প্রদান করছে।

ক্রয়কৃত অপশনগুলি সক্রিয় হওয়ার ২ মিনিটেরও কম সময়ের আগে ড্রেডারের অ্যাকাউন্ট থেকে ফলোয়ারের অ্যাকাউন্টে কপি নাও করা যেতে পারে।

২. মূনাফা ও লোকসানের রেকর্ড

ড্রেডার তার ট্রেড কপি করার এবং ট্রেডিং শুরু করার অনুরোধ গ্রহণ করার পর, কোম্পানি পর্যায়ক্রমে ড্রেডারের ওপেন করা ট্রেড ফলোয়ারের অ্যাকাউন্টে কপি করা ট্রেড থেকে মূনাফা এবং লোকসানের রেকর্ড করবে। এই রেকর্ড ঘন্টায় একবার প্রদান করা হবে এবং এর ফলাফল ফলোয়ার ক্যাবিনেট এবং ড্রেডার ক্যাবিনেটে পাওয়া যাবে।

৩. ট্রেড কপি করার জন্য সাবস্ক্রিপশন বাতিল করা

যদি ফলোয়ার বা ড্রেডার কপি ট্রেড করার সাবস্ক্রিপশন বাতিল করার অনুরোধ করে, তাহলে কোম্পানি ৩০ মিনিটের মধ্যে অনুরোধটি প্রক্রিয়া করবে। যদি এর মধ্যে ড্রেডার লোকসানের সম্মুখীন হয়ে থাকে এবং তথ্য আপডেটের মুহূর্তে তার ট্রেড স্টপ-আউটে ক্লোজ করা হয়, তবে ফলোয়ারকে প্রদেয় মূনাফা ফলোয়ার ক্যাবিনেটে প্রদর্শিত মূনাফার থেকে ভিন্ন হতে পারে।

৪. ড্রেডারদের অর্থ উত্তোলন থেকে ফলোয়ারদের ফান্ড রক্ষা করা

কোম্পানি গ্যারান্টি দিচ্ছে যে সাবস্ক্রিপশন পিরিয়ডে ফলোয়ারের অ্যাকাউন্টের ফান্ড থেকে ড্রেডার কোন অর্থ তুলতে পারবেন না। তদুপরি, ড্রেডার ওপেন ট্রেড মার্জিনের জন্য প্রয়োজনীয় তার ফান্ডের কোন অংশ উত্তোলন করতে পারবে না।

#### ৫. যোগাযোগের তথ্য প্রদান করা

কোম্পানি ট্রেডারের যোগাযোগের তথ্য (ইমেইল এবং ফোন নম্বর) তার অ্যাকাউন্টের মনিটরিং পেজে পাবলিক অ্যাক্সেস পাওয়ার বিষয়টি নিশ্চিত করবে। প্রদত্ত তথ্য ট্রেডারদের সাথে যোগাযোগ করার জন্য ব্যবহার করা যেতে পারে। কোম্পানি নিশ্চিত করবে যে ফলোয়ারদের যোগাযোগের তথ্য (ইমেইল এবং ফোন নম্বর) যার ট্রেড কপি করা হচ্ছে সেই ট্রেডারের কাছে পাওয়া যাবে। ট্রেড কপি করার জন্য ফলোয়ারের অনুরোধ ট্রেডার কর্তৃক গৃহীত হওয়ার পর ট্রেডারের কাছে ফলোয়ারের তথ্য পাওয়া যাবে।

৬. ট্রেডার কপিট্রেডিং সিস্টেমে তার অর্জিত আংশিক বা সম্পূর্ণ মুনাফা কোম্পানি কর্তৃক বাতিল করার অধিকারকে স্বীকৃতি দিচ্ছে, যদি কোম্পানি আবিষ্কার করে যে ট্রেডার যোগাযোগের যেকোন মাধ্যমে কোম্পানির মানহানি করেছে, এর মধ্যে কোন সীমাবদ্ধতা ছাড়াই ই-মেইল, ফলোয়ারদের অভ্যন্তরীণ বার্তা, মনিটরিং পেজে কোন কপিট্রেডিং প্রজেক্টের বিবরণ এবং সামাজিক নেটওয়ার্ক ইত্যাদি থাকবে।

৭. যদি কোম্পানি জানতে পারে যে ট্রেডার ইচ্ছাকৃতভাবে এমন তথ্য প্রদান করেছে যা অন্য ট্রেডারদের প্রদত্ত তথ্যের সাথে সম্পূর্ণ বা আংশিকভাবে অভিন্ন বা অনুরূপ এবং ফলোয়ারদের প্রভাবিত করতে পারে, তবে কোম্পানি কোন একতরফা সিদ্ধান্ত অনুযায়ী তথ্য পরিবর্তন করার অধিকার সংরক্ষণ করে। কিছু ক্ষেত্রে কপিট্রেডিং সিস্টেমে ট্রেডারের কার্যক্রম বন্ধ হয়ে যেতে পারে।

৮. ট্রেডারকে তার ট্রেড পুনরায় কপি করার জন্য কমিশন জমা দেওয়া নিশ্চিত করতে হবে। যদি ট্রেডার ২ ট্রেডার ১ এর ডিল কপি করে এবং ফলোয়ার ৩ এর কাছে বিক্রি করে, তাহলে ট্রেডার ২ ট্রেডার ১-কে ফলোয়ার ৩ কর্তৃক প্রদত্ত কমিশনের ১০% প্রদান করতে হবে। এক্ষেত্রে ৬.৯ অনুচ্ছেদ অনুসারে কমিশন জমা করা হয়।

৯. ফলোয়ারের সাবস্ক্রিপশন নির্বাচিত শর্তাবলীর সাপেক্ষে নিশ্চিত করতে হবে। ট্রেডারের অ্যাকাউন্ট থেকে ফলোয়ারের অ্যাকাউন্টে কপি করা ট্রেড ফলোয়ারের নির্বাচিত শর্তাবলী দ্বারা নির্ধারিত হয়। যদি ট্রেডার কপি করার শর্তাবলী পরিবর্তন করে, তবে নতুন শর্তাবলী শুধুমাত্র নতুন সাবস্ক্রিপশনের জন্য প্রযোজ্য হবে।

#### ৪. ফলোয়ারের অধিকার এবং দায়িত্ব

বর্তমান চুক্তি গ্রাহকের ট্রেডিং অ্যাকাউন্টের রেজিস্ট্রেশনের ক্ষেত্রে গৃহীত পাবলিক অফার চুক্তির দ্বারা প্রতিষ্ঠিত অধিকার এবং দায়িত্ব ছাড়াও ফলোয়ারের অধিকার এবং দায়িত্ব প্রতিষ্ঠা করবে। ফলোয়ার কোম্পানির নির্দিষ্ট পরিমাণ সফটওয়্যারগত এবং হার্ডওয়্যারগত সুবিধা ও অধিকার ভোগ করবে। প্রযুক্তিগত সমস্যা এবং/অথবা সফটওয়্যারগত ব্যর্থতার ক্ষেত্রে, কোম্পানি ফলোয়ারদের অধিকারের সম্পূর্ণভাবে পালন করতে সক্ষম নাও হতে পারে।

#### ১. ঝুঁকিগ্রহণের স্বীকৃতি

ফলোয়ার অনুচ্ছেদ ৭-এ বর্ণিত সমস্ত ঝুঁকিগ্রহণের শর্ত স্বীকার করছে এবং গ্রহণ করছে। ফলোয়ার বুঝতে পারছে যে ঝুঁকি সংক্রান্ত সতর্কতামূলক তথ্য সম্ভাব্য ঝুঁকি সম্বন্ধে সম্পূর্ণ তথ্য নাও থাকতে পারে এবং গ্রহণ করছে যে কোম্পানি বা তৃতীয় পক্ষের কারণে যুক্তিসঙ্গতভাবে ঝুঁকি সৃষ্টি হতে পারে।

#### ২. কপিট্রেডিং এর প্রযুক্তিগত নিয়মাবলীর স্বীকৃতি

ফলোয়ার অনুচ্ছেদ ৬ -এ বর্ণিত কপিট্রেডিং সিস্টেমের প্রযুক্তিগত নিয়মাবলী এবং এর সাথে সম্পর্কিত যে কোন ঝুঁকিগ্রহণের স্বীকৃতি প্রদান করছে।

#### ৩. কোম্পানির স্ট্যাটাসের স্বীকৃতি

ফলোয়ার স্বীকার করছে যে বর্তমান চুক্তির অধীনে কোম্পানি কপিট্রেডিং সিস্টেমের প্রযুক্তিগত বাস্তবায়ন প্রদান করবে যার সাথে ট্রেডারের অ্যাকাউন্টে ট্রেডের ফলাফলের কোন সম্পর্ক নেই।

#### ৪. অ্যাকাউন্ট পরিচালনায় ট্রেডারের সাথে যোগাযোগ

অনুচ্ছেদ ৩.৫ অনুসারে প্রদত্ত যোগাযোগের তথ্য ব্যবহার করে ট্রেডারের অ্যাকাউন্টের ব্যবস্থাপনা সংক্রান্ত যে কোন ইস্যুতে ফলোয়ার ট্রেডারের সাথে সরাসরি যোগাযোগ করবে যদি কপি করার পদ্ধতিতে ট্রেডার দ্বারা কপি করার কোন শর্ত স্পষ্টভাবে না বলা থাকে।

#### ৫. ট্রেডারের অ্যাকাউন্ট থেকে ট্রেড কপি করা

ফলোয়ার তার ফলোয়ার ক্যাভিনেটে কাঙ্ক্ষিত ট্রেডারের অ্যাকাউন্ট থেকে ট্রেড কপি করার অনুরোধ করতে পারে। ট্রেড কপি করার জন্য অনুরোধ ট্রেডার দ্বারা গৃহীত হবে এমন কোন গ্যারান্টি নেই। ট্রেডার কর্তৃক অনুরোধ গৃহীত হওয়ার ৩০ মিনিটের মধ্যে কপি করার প্রক্রিয়া শুরু হয়। ট্রেড কপি করার জন্য অ্যাকাউন্টের সংখ্যা সীমাবদ্ধ নয়।

৬. ট্রেডারের অ্যাকাউন্টে পরিসংখ্যানগত প্রবেশাধিকার

ফলোয়ারে ট্রেডারের অ্যাকাউন্টে ব্যালান্স, ইকুইটি এবং মুনাফার পরিসংখ্যানে বিনামূল্যে প্রবেশ করতে পারবে (নিয়মিত অবস্থায় প্রতি ঘন্টায় একবার)। এই তথ্য ব্যবহার করে, ফলোয়ার ট্রেডারের ট্রেড কপি করার সাবস্ক্রিপশন বাতিল করার সিদ্ধান্ত নিতে পারে; তবে, ফলোয়ার তথ্য হালনাগাদে সম্ভাব্য বিলম্ব সম্পর্কে সচেতন হবে যা স্বাভাবিক অবস্থায় এক ঘন্টার বেশি হয় না।

৭. ফলোয়ারের অ্যাকাউন্টে ট্রেড ক্লোজ করা

ট্রেডার অ্যাকাউন্টে ট্রেড ক্লোজ হওয়ার পর ফলোয়ারদের অ্যাকাউন্টেও রিয়েল টাইমে বা স্বয়ংক্রিয়ভাবে অনুচ্ছেদ ৬.১৩ অনুযায়ী ট্রেড ক্লোজ হয়ে যাবে। এছাড়াও, প্ল্যাটফর্ম থেকেও ফলোয়ার তার বিবেচনার ভিত্তিতে কপি করা ট্রেড ক্লোজ করতে সক্ষম করবে।

৮. সাবস্ক্রিপশন বাতিল

নিম্নলিখিত ক্ষেত্রে কপি ট্রেড করা বাতিল হতে পারে:

১. ট্রেডার বা ফলোয়ার সাবস্ক্রিপশন বাতিল করার অনুরোধ করলে;

২. ফলোয়ারের অ্যাকাউন্টে পর্যাপ্ত তহবিল না থাকলে;

৩. ট্রেডারকে কমিশন দেওয়ার জন্য ফলোয়ারের অ্যাকাউন্টে তহবিলের অভাব থাকলে।

৫. ট্রেডারের অধিকার ও দায়িত্ব

বর্তমান চুক্তিটি গ্রাহকের ট্রেডিং অ্যাকাউন্টের নিবন্ধনের সময় গৃহীত পাবলিক অফার চুক্তির দ্বারা প্রতিষ্ঠিত অধিকার এবং দায়িত্বের পাশাপাশি ট্রেডারের অধিকার ও দায়িত্ব প্রতিষ্ঠা করবে। ট্রেডার কোম্পানির নির্দিষ্ট পরিমাণ সফটওয়্যারগত এবং হার্ডওয়্যারগত সুবিধা ও অধিকার ভোগ করবে। প্রযুক্তিগত সমস্যা এবং/অথবা সফটওয়্যারগত ব্যর্থতার ক্ষেত্রে, কোম্পানি ট্রেডারের অধিকারের সম্পূর্ণভাবে পালন করতে সক্ষম নাও হতে পারে।

১. ঝুঁকিগ্রহণের স্বীকৃতি

ট্রেডার অনুচ্ছেদ ৭-এ বর্ণিত সমস্ত ঝুঁকি স্বীকার করছে এবং গ্রহণ করছে। ট্রেডার বুঝতে পারছে যে ঝুঁকি সংক্রান্ত সতর্কতারমূলক তথ্য সম্ভাব্য ঝুঁকি সম্বন্ধে সম্পূর্ণ তথ্য নাও থাকতে পারে এবং গ্রহণ করছে যে কোম্পানি বা তৃতীয় পক্ষের কারণে যুক্তিসঙ্গতভাবে ঝুঁকি সৃষ্টি হতে পারে। ট্রেডার ফরেক্স ট্রেডিং এর ফলে তার বা তার ফলোয়ারদের যে কোন লোকসানের জন্য তার দায় স্বীকার করছে।

২. কপিট্রেডিং পদ্ধতির প্রযুক্তিগত নিয়মাবলীর স্বীকৃতি

ট্রেডার কপিট্রেডিংয়ের প্রযুক্তিগত নিয়মাবলী স্বীকার করছে এবং গ্রহণ করছে।

৩. কোম্পানির স্ট্যাটাসের স্বীকৃতি

ট্রেডার স্বীকার করছে যে বর্তমান চুক্তির অধীনে কোম্পানি কপিট্রেডিং সিস্টেমের প্রযুক্তিগত বাস্তবায়ন প্রদান করবে যার সাথে ট্রেডারের অ্যাকাউন্টে ট্রেডারের ফলাফলের কোন সম্পর্ক নেই। কোম্পানি কোন ট্রেড এবং/অথবা ট্রেডারের মুনাফার সুবিধাভোগী হবে না।

৪. অ্যাকাউন্ট পরিচালনায় ফলোয়ারের সাথে যোগাযোগ

যদি কপিট্রেডিং সিস্টেমে ট্রেডার দ্বারা ট্রেডারের শর্তাবলী স্পষ্টভাবে উল্লেখ করা না হয় তাহলে অনুচ্ছেদ ৩.৫ অনুযায়ী প্রদত্ত যোগাযোগের তথ্য ব্যবহার করে ট্রেডার অ্যাকাউন্টের ব্যবস্থাপনা সংক্রান্ত যে কোন ইস্যুতে ট্রেডার সরাসরি ফলোয়ারের সাথে যোগাযোগ করবে। ট্রেডার সাবস্ক্রিপশন পিরিয়ডের ৭২ ঘন্টার মধ্যে এবং সাবস্ক্রিপশন বাতিল হওয়ার ৩০ দিনের মধ্যে ফলোয়ারের যেকোনো প্রশ্নের জবাব দেবে।

৫. মনিটরিংয়ের তথ্য

কপিট্রেডিং সিস্টেমে ট্রেডার হিসেবে নিবন্ধিত হওয়ার পর, তার অ্যাকাউন্ট স্বয়ংক্রিয়ভাবে কোম্পানির ওয়েবসাইটে এবং গ্রাহক ক্যাবিনেটে সর্বজনীনভাবে সহজলভ্য মনিটরিংয়ে যুক্ত হবে। ফলোয়াররা উপযুক্ত ট্রেডার খুঁজে পেতে মনিটরিং ব্যবহার করতে পারে।

৬. ট্রেড কপি করার জন্য ফলোয়ারের অনুরোধ গ্রহণ

কপিট্রেডিং সিস্টেমে ট্রেডার হিসেবে নিবন্ধিত হওয়ার পর, ট্রেডার ট্রেড কপি করার জন্য ফলোয়ারদের অনুরোধ গ্রহণ করতে সক্ষম হবেন। ট্রেডার যেকোনো মুহুর্তে অনুরোধ প্রত্যাখ্যান করার অধিকার সংরক্ষণ করে। তা সত্ত্বেও, যদি ফলোয়ার কপি করা ট্রেড থেকে ক্ষতির সম্মুখীন হয়, তাহলে ট্রেডার একতরফাভাবে ফলোয়ারের সাবস্ক্রিপশন বাতিল করতে পারবে না।

৭. কপিট্রেডিং সিস্টেমে কপি ট্রেডের সাবস্ক্রিপশন বাতিল

কপিট্রেডিং সিস্টেমে ট্রেড কপি করার সাবস্ক্রিপশন বাতিল করা হবে যদি:

১. ট্রেডার ক্যাবিনেটের "আনসাবস্কাইব" ক্লিক করে সাবস্ক্রিপশন বাতিল করে;
২. ফলোয়ার ক্যাবিনেটে "আনসাবস্কাইব" ক্লিক করে সাবস্ক্রিপশন বাতিল করে;
৩. ট্রেডারকে কমিশন দেওয়ার জন্য ফলোয়ারের অ্যাকাউন্টে পর্যাপ্ত তহবিল না থাকলে;
৪. ফলোয়ার বা ট্রেডার কর্তৃক সাপোর্ট ডিপার্টমেন্টে সাবস্ক্রিপশন বাতিলের অনুরোধ জমা দেওয়ার পর কোম্পানি সাবস্ক্রিপশন বাতিল করে;

৮. যদি কপি করা ট্রেড থেকে ফলোয়ার ক্ষতিগ্রস্ত হয়, তাহলে ট্রেডার একতরফা সিদ্ধান্তের মাধ্যমে ফলোয়ারের সাবস্ক্রিপশন বাতিল করতে পারবে না।

৯. কমিশন হিসেবে ট্রেডারের পারিশ্রমিক প্রদান

যদি ফলোয়ার সাবস্ক্রিপশন পিরিয়ডের মধ্যে কপি করা ট্রেড থেকে মুনাফা পেয়ে থাকে, তাহলে ট্রেডার এর অ্যাকাউন্টে অথবা অন্য কোন একাউন্টে অনুচ্ছেদ ৬-এ উল্লিখিত হারে কমিশন জমা করা হবে।

৬. কপিট্রেডিং সিস্টেমের প্রযুক্তিগত নিয়মাবলী

১. কপিট্রেডিং সিস্টেমের প্রযুক্তিগত নিয়মাবলী স্বয়ংক্রিয় প্রক্রিয়াগুলির সংখ্যা এবং তাদের সময়কাল বর্ণনা করবে। ট্রেডার এবং ফলোয়ার প্রযুক্তিগত সমস্যা এবং/অথবা সফটওয়্যারগত ব্যর্থতার কারণে এখানে বর্ণিত প্রক্রিয়াগুলির যেকোন সম্ভাব্য প্রযুক্তিগত ঘাটতির বিষয়টি স্বীকার করছে এবং গ্রহণ করছে।

২. কপিট্রেডিং সিস্টেমের প্রযুক্তিগত নিয়মাবলী নিম্নলিখিত প্রক্রিয়াগুলিতে প্রয়োগ করা হবে:

১. কোম্পানির গ্রাহক ক্যাবিনেটে কপিট্রেডিং সিস্টেমের সাথে ফলোয়ার এবং ট্রেডারের নিবন্ধন প্রক্রিয়া;
২. ট্রেডার এবং ফলোয়ারের যোগাযোগের তথ্য সংরক্ষণ প্রক্রিয়া। বর্তমান চুক্তিতে অংশগ্রহণকারি পার্টীদের প্রদত্ত যোগাযোগের তথ্য ব্যবহার করা হবে;
৩. ট্রেড কপি করার জন্য ফলোয়ারের অনুরোধ;
৪. ব্যবসায়ী কর্তৃক ফলোয়ারের অনুরোধ গ্রহণ বা প্রত্যাখ্যান;
৫. ট্রেডারের অ্যাকাউন্ট থেকে ফলোয়ার দ্বারা কপি করা ট্রেডের রেকর্ড;
৬. ফলোয়ারের কপি করা ট্রেডে কারেন্সি পেয়ারের রেকর্ড;
৭. ফলোয়ার কর্তৃক ট্রেডারকে প্রদেয় প্রতিটি লাভজনক ট্রেডের কমিশনের রেকর্ড;
৮. ফলোয়ার কর্তৃক ট্রেডারকে প্রদেয় প্রতিটি লাভজনক ট্রেডের প্রতি 0.01 লটের কমিশনের রেকর্ড;
৯. ফলোয়ার কর্তৃক ট্রেডারকে প্রদেয় মুনাফা শেয়ারের রেকর্ড;
১০. সাপ্তাহিক ছুটির দিন এবং ফরেন্সের নির্ধারিত ছুটির দিন বাদে প্রতিদিন ফলোয়ার কর্তৃক ট্রেডারকে প্রদেয় দৈনিক কমিশনের রেকর্ড;
১১. ট্রেডারের অ্যাকাউন্ট থেকে ফলোয়ারের অ্যাকাউন্টে অনলাইনে কপি করা ট্রেড;
১২. সাবস্ক্রিপশন বাতিল করার জন্য ফলোয়ারের অনুরোধ;
১৩. সাবস্ক্রিপশন বাতিল করার জন্য ট্রেডারের অনুরোধ;
১৪. ট্রেডারের অ্যাকাউন্ট থেকে ফলোয়ারের অ্যাকাউন্টে ট্রেড কপি করা বন্ধ করা;

১৫. প্রত্যেক ফলোয়ারকে মনিটরিং লিস্টে কপিট্রেডিং সিস্টেম এবং ট্রেডারের অ্যাকাউন্টের বিবরণ সম্বলিত স্ট্যাটিস্টিক্স অ্যাক্সেস প্রদান ;

১৬. ফলোয়ারের অ্যাকাউন্টে স্বয়ংক্রিয়ভাবে ট্রেড ক্লোজ করা।

### ৩. নিবন্ধন

#### ১. ফলোয়ারের নিবন্ধন

কোম্পানির গ্রাহক ক্যাবিনেটে প্রাপ্ত বর্তমান চুক্তি গ্রাহক কর্তৃক গৃহীত হলে, তিনি কপিট্রেডিং সিস্টেমে নিবন্ধিত ফলোয়ার হিসাবে বিবেচিত হবে। নিবন্ধনের সময়, ফলোয়ার তার যোগাযোগের তথ্য (ই-মেইল, ফোন নম্বর এবং ওয়েব মেসেঞ্জার) প্রদান করবে এবং এই তথ্য সেইসকল ট্রেডারদের জন্য সহজলভ্য হবে যাদের ট্রেড ফলোয়ারেরা কপি করে। ফলোয়ার যে কোন সময় তার যোগাযোগের তথ্য পরিবর্তন করতে পারে। ফলোয়ার নিবন্ধন সম্পন্ন করার পর কোম্পানির গ্রাহক ক্যাবিনেটে ফলোয়ার ক্যাবিনেট সহজলভ্য হবে।

#### ২. ট্রেডারের নিবন্ধন

একজন গ্রাহক কোম্পানির গ্রাহক ক্যাবিনেটে সহজলভ্য বর্তমান চুক্তিতে সম্মতি প্রদান করার পর, তিনি কপিট্রেডিং সিস্টেমে ট্রেডার হিসাবে নিবন্ধিত হন। নিবন্ধনের সময়, ব্যবসায়ী তার যোগাযোগের তথ্য (ইমেল, ফোন নম্বর এবং ওয়েব মেসেঞ্জার) প্রদান করবে যা সেইসকল ফলোয়ারদের জন্য সহজলভ্য থাকবে যারা ট্রেডারের অ্যাকাউন্ট থেকে ট্রেড কপি করে। ট্রেডার যে কোন সময় তার যোগাযোগের তথ্য পরিবর্তন করতে পারে। নিবন্ধনের সময় ট্রেডার ফলোয়ারের অ্যাকাউন্ট থেকে ফলোয়ারের কপি করা প্রতিটি ক্লোজড লাভজনক ট্রেডের জন্য ফলোয়ারের অ্যাকাউন্ট থেকে জমা করার জন্য একটি কমিশন নির্ধারণ করবে এবং ফরেস্ট্র ছুটির দিনগুলি বাদে প্রতি সাবস্ক্রিপশন দিন অনুসারে ফলোয়ারের অ্যাকাউন্ট থেকে একটি কমিশন জমা হবে। নিবন্ধন সম্পন্ন করার পর কোম্পানির গ্রাহক ক্যাবিনেটে তার ট্রেডার ক্যাবিনেট সহজলভ্য হবে।

৩ ট্রেডার নির্বাচন করার ক্ষেত্রে ফলোয়ারের ট্রেডারের অ্যাকাউন্টের ধরনের দিকে মনোযোগ দেওয়া উচিত। সফলভাবে ট্রেড কপি করার জন্য, ফলোয়ার এবং ট্রেডারের অবশ্যই একই ধরনের একাউন্ট থাকতে হবে। অন্যথায়, নির্বাচিত ট্রেডারকে সাবস্ক্রাইব করা অসম্ভব।

#### ৪. ট্রেড কপি করার জন্য ফলোয়ারের অনুরোধ

ফলোয়ার মনিটরিং তালিকায় ট্রেডার নির্বাচন করে ফলোয়ার ক্যাবিনেটে ট্রেডারের ট্রেড কপি করার অনুরোধ করবে। যদি ট্রেডার দ্বারা অনুরোধটি গৃহীত হয়, তাহলে অনুরোধটি গৃহীত হওয়ার ৩০ মিনিটের মধ্যে সিস্টেম অনলাইন ট্রেড কপি করা শুরু করবে। যদি ট্রেডার অনুরোধ প্রত্যাখ্যান করে, সিস্টেম ফলোয়ার অ্যাকাউন্টে ট্রেড কপি করা শুরু করবে না।

#### ৫. ট্রেড কপি করার জন্য ট্রেডারের অনুরোধ গ্রহণ

ট্রেডারের ট্রেড কপি করার জন্য নতুন অনুরোধ ট্রেডার ক্যাবিনেটে পাওয়া যাবে। ট্রেডার অনুরোধ পাওয়ার পর ৭২ ঘন্টার মধ্যে ট্রেডার ক্যাবিনেটে সংশ্লিষ্ট বিকল্প নির্বাচন করে যে কোনো অনুরোধ গ্রহণ বা প্রত্যাখ্যান করার অধিকার সংরক্ষণ করে। যদি ট্রেডার অনুরোধটি উপেক্ষা করে, তবে অনুরোধ পাওয়ার ৭২ ঘন্টার পরে স্বয়ংক্রিয়ভাবে বাতিল হয়ে যাবে।

#### ৬. ফলোয়ারের অ্যাকাউন্টে কপি ট্রেডিংয়ের সূচনা

ট্রেডার ফলোয়ার অ্যাকাউন্টে তার ট্রেড কপি করার অনুরোধ গ্রহণ করার পর, সিস্টেম ৩০ মিনিটের মধ্যে অনলাইনে ট্রেড কপি করা শুরু করবে।

#### ৭. ফলোয়ারের একাউন্টে কপি ট্রেডিংয়ের সমাপ্তি

ফলোয়ারের কপি ট্রেডিং আনসাবস্ক্রাইব করার পরে, সিস্টেম ৩০ মিনিটের মধ্যে ট্রেড কপি করার প্রক্রিয়াটি বন্ধ করবে।

#### ৮. ট্রেডার এবং ফলোয়ারের মুনাফা সম্পর্কে তথ্য আপডেট

ট্রেডার ও ফলোয়ারের মুনাফা সম্পর্কিত তথ্য নিয়মিতভাবে আপডেট করা হবে। ট্রেডার কেবিনেট এবং ফলোয়ার কেবিনেটে এই তথ্য পাওয়া যাবে।

৯. ট্রেডারের অ্যাকাউন্টে কমিশন জমা

ট্রেডারের অ্যাকাউন্টে কমিশনের হিসাব এবং জমা সম্পূর্ণ স্বয়ংক্রিয় পদ্ধতিতে নিয়ন্ত্রিত হয়। সাবস্ক্রিপশন বাতিল হওয়ার পর এবং ফলোয়ার মুনাফা অর্জন করলে, প্রতি ট্রেডে কমিশন, প্রতি ০.০১ লট কমিশন এবং মুনাফার অংশ ফলোয়ারের অ্যাকাউন্ট থেকে উত্তোলনপূর্বক ট্রেডারের অ্যাকাউন্টে জমা হবে। কপিট্রেডিং ট্রেডারের সাবস্ক্রিপশনের সময়কালে প্রাপ্ত ট্রেডিং ফলাফলের (মোট লাভ এবং মোট ক্ষতি) ভিত্তিতে কমিশন হিসাব করা হয়। ফলোয়ার্স অ্যাকাউন্ট থেকে একটি দৈনিক কমিশন উত্তোলন করা হবে এবং ফরেক্সের নির্ধারিত ছুটির দিন ছাড়া প্রতিদিনের শেষে ট্রেডারের অ্যাকাউন্টে জমা হবে।

১০. ট্রেডার অ্যাকাউন্টে মূলধন পুনরায় জমা করা

কোম্পানির ওয়েবসাইটের একটি সুরক্ষিত অংশে ট্রেডার তার ট্রেডিং অ্যাকাউন্টটি স্ট্যান্ডার্ড রিপ্লেনিশমেন্ট পদ্ধতির মাধ্যমে মূলধন পুনরায় জমা করতে পারে। জমা করা অর্থ কোম্পানির হাতে পাওয়ার পর ট্রেডার অ্যাকাউন্টে জমা হবে।

১১. ফলোয়ার অ্যাকাউন্টে মূলধন পুনরায় জমা করা

ফলোয়ার কোম্পানির ওয়েবসাইটের একটি সুরক্ষিত অংশে স্ট্যান্ডার্ড রিপ্লেনিশমেন্ট পদ্ধতি মাধ্যমে তার ট্রেডিং অ্যাকাউন্টে মূলধন পুনরায় জমা করতে পারে। জমা করা অর্থ কোম্পানির হাতে পাওয়ার পর ফলোয়ারের অ্যাকাউন্টে জমা হবে।

১২. কপিট্রেডিংয়ে পরিসংখ্যানগত প্রবেশাধিকার

কপিট্রেডিং পরিসংখ্যানে অন্তর্ভুক্ত থাকবে:

১. কোম্পানির গ্রাহক ক্যাভিনেটে অ্যাকাউন্ট মনিটরিং। কোম্পানির ওয়েবসাইট এবং/অথবা কোম্পানির অফিসিয়াল পার্টনারের ওয়েবসাইটগুলিতে একটি অনুরূপ মনিটরিং পেজ থাকতে পারে;
২. সাম্প্রতিক আপডেটে রেকর্ড করা ব্যালেন্স এবং ইকুইটি তথ্য;
৩. ট্রেডার অ্যাকাউন্ট এবং সাবস্ক্রিপশন হিস্টোরি থেকে বর্তমানে কপি করা ট্রেডের তথ্য;

১৩. ফলোয়ার কর্তৃক ট্রেডারের কার্যক্রম পর্যবেক্ষণ করার জন্য কোম্পানির কপিট্রেডিংয়ের পরিসংখ্যান ডিজাইন করা হয়েছে। তবে, ট্রেডার এবং ফলোয়ার পরিসংখ্যানগত হালনাগাদ প্রক্রিয়ার সম্ভাব্য বিলম্ব সম্পর্কে সচেতন থাকবে যা স্বাভাবিক অবস্থায় ১-২ ঘন্টার বেশি হয় না।

১৪. ফলোয়ারের অ্যাকাউন্টে স্বয়ংক্রিয়ভাবে ট্রেড ক্লোজ করা।

১. যদি ফলোয়ার অ্যাকাউন্টে ট্রেড কপি করার জন্য পর্যাপ্ত তহবিল না থাকে, তবে সম্প্রতি কপি করা ট্রেডগুলো ফলোয়ারের অ্যাকাউন্টে বর্তমান মূল্যে ক্লোজ হয়ে যাবে। যদি গ্রাহক ক্যাভিনেটে 'যদি আপনার নতুন ট্রেড খুলতে তহবিলের অভাব থাকে তবে ট্রেডগুলো চালু রাখুন' অপশনে ক্লিক করা হয় তবে ট্রেডগুলি ক্লোজ হবে না।
২. যদি ট্রেডারকে কমিশন দেওয়ার জন্য ফলোয়ারের পর্যাপ্ত তহবিল না থাকে, তাহলে ফলোয়ারের অ্যাকাউন্টে সম্প্রতি কপি করা ট্রেডগুলি বর্তমান মূল্যে ক্লোজ হয়ে যাবে।

১৫. যদি ট্রেডারের অ্যাকাউন্ট এবং ফলোয়ার্স অ্যাকাউন্ট একই ব্যক্তি বা আইনী সত্তা বা নিকট আত্মীয়ের নামে নিবন্ধিত হয়, তাহলে প্রতি লটের ট্রেডে কমিশন নির্ধারিত হলে এই ধরনের অ্যাকাউন্টের মধ্যে অর্ডার কপি করা নিষিদ্ধ।

১৬. অপোজিট ট্রেড দ্বারা আংশিকভাবে বন্ধ হওয়া ট্রেডগুলি ফলোয়ারের অ্যাকাউন্টে কপি করা হয় না

৭. ঝুঁকি সংক্রান্ত সতর্কতামূলক বিবৃতি

১. কপিট্রেডিং সিস্টেমে নিবন্ধন করে, ট্রেডার এবং ফলোয়াররা বর্তমান ঝুঁকি সংক্রান্ত সতর্কতামূলক বিবৃতি স্বীকার করছে এবং গ্রহণ করছে।
২. ফলোয়ার ট্রেডার অ্যাকাউন্টে ব্যর্থ ট্রেডিংয়ের ফলে লোকসানের ঝুঁকি স্পষ্টভাবে বুঝতে পারছে।

৩. ফলোয়ার স্পষ্টভাবে বুঝতে পারছে যে অনুচ্ছেদ ৬.১২-এ বর্ণিত কপিট্রেডিংয়ের পরিসংখ্যানে প্রদত্ত যেকোনো তথ্য হালনাগাদকৃত তথ্যের থেকে ভিন্ন হতে পারে। বিশেষ করে, যখন কোন পরিসংখ্যান হালনাগাদ করা হয় না তখন ট্রেডার বেশ উল্লেখযোগ্য পরিমাণে লোকসানের সম্মুখীন হতে পারেন। ব্যালেন্স, ইকুইটি এবং অন্যান্য তথ্যের আপডেট হতে স্বাভাবিক অবস্থায় ১-২ ঘণ্টার বেশি বিলম্ব হবে না।

৪. মূনাফা, ব্যালেন্স এবং ইকুইটির স্ট্যাটিস্টিক্স আপডেটের বিলম্ব সম্পর্কিত সমস্ত ঝুঁকি ফলোয়ার স্বীকার করছে এবং গ্রহণ করছে। ফলোয়ার বুঝতে পারছে যে ফলোয়ার ক্যাবিনেটে প্রদত্ত তথ্য কপি করা ট্রেড থেকে ফলোয়ারের প্রাপ্ত মূনাফা গণনার জন্য ব্যবহৃত তথ্যের থেকে ভিন্ন হতে পারে।

৫. ফলোয়ার এবং ট্রেডার সিস্টেমের অনুরোধ প্রক্রিয়ায় বিলম্বের সাথে সম্পর্কিত সমস্ত ঝুঁকি স্বীকার করছে এবং গ্রহণ করছে যা ১৫ মিনিটের বেশি হতে পারে। কোম্পানির প্রযুক্তিগত সমস্যার ক্ষেত্রে, কোম্পানি সময়মত সাবস্ক্রিপশন গ্রহণ বা বাতিল করার এবং কপিট্রেডিংয়ের পরিসংখ্যান হালনাগাদের গ্যারান্টি দেবে না। ফলোয়ার এবং ট্রেডার কপিট্রেডিং সিস্টেমের অনুরোধগুলো প্রক্রিয়াকরণে বিলম্বের সাথে সম্পর্কিত সমস্ত ঝুঁকি স্বীকার করছে এবং গ্রহণ করছে যা ট্রেডার বা ফলোয়ারদের ক্ষতির কারণ হতে পারে।

#### ৮. দাবি এবং বিরোধ

১. ফলোয়ার এবং ট্রেডার প্রথমে কোম্পানির সাথে ইমেইলে যোগাযোগের মাধ্যমে কপিট্রেডিং সিস্টেমের প্রযুক্তিগত বিধি সংক্রান্ত কোন দাবী বা বিরোধ নিষ্পত্তি করার চেষ্টা করবে এবং দাবি বা বিবাদ সম্পর্কিত সমস্ত তথ্য নিষ্পত্তি হওয়ার আগে গোপনীয়তা বজায় রাখবে।

২. কোম্পানি কপিট্রেডিং সিস্টেমের কার্যকারিতা সম্পর্কিত সমস্ত দাবি বা বিরোধ পাওয়ার পর ৩০ দিনের মধ্যে বিবেচনা করবে। কোম্পানি ফরেক্স মার্কেটে ট্রেডারদের কার্যকলাপের ফলে ক্ষতির সাথে সম্পর্কিত কোন দাবি বা বিরোধ বিবেচনা করবে না।

৩. সমস্ত দাবি এবং বিরোধ বর্তমান চুক্তির সাপেক্ষে এবং কপিট্রেডিং সিস্টেমের চুক্তিতে অপরিপূর্ণতার ক্ষেত্রে নতুন নিয়মের সাপেক্ষে হবে।

#### ৯. ভাষা

১. বর্তমান চুক্তির ভাষা ইংরেজি।

২. গ্রাহকের সুবিধার জন্য, কোম্পানি ইংরেজি থেকে ভিন্ন ভাষায় চুক্তির সংস্করণ প্রদান করতে পারে। চুক্তির অনূদিত সংস্করণ শুধুমাত্র তথ্য প্রদানের উদ্দেশ্যে প্রদান করা হয় হয়েছে।

৩. এই চুক্তির ইংরেজী সংস্করণ এবং যেকোনো অনুবাদের মধ্যে অমিল হলে, ইংরেজি সংস্করণটি প্রাধান্য পাবে।